JAN. 24 2006

# অশোভন আচরণের অভিযোগে ইবি অধ্যাপিকা গ্রেফতার

মিজান মালিক

মাতলামি অবস্থায় লোকজনকে গালিগালাজ করার অভিযোগে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপিকা ড. রাশিদা বেগমকে গ্রেফতার করে জেলে পাঠিয়েছে পুলিশ। ১৮ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় অতিথি ভবন থেকে তাকে গ্রেফতার করা হয়। পরদিন ১৯ জানুয়ারি ঢাকার সিএমএম আদালত ড. রাশিদা বেগমকে ৫০০ টাকার মুচলেকায় জামিনে মুক্তির নির্দেশ দিলেও জিম্মাদারের অভাবে তিনি গতকাল পর্যন্ত ঢাকায় জেলে আটক রয়েছেন। অবশ্য বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার পক্ষে ঢাকা কোর্টে মামলা পরিচালনাকারী আইনজীবী ফরিদা খানম ইতি জানিয়েছেন, সংস্থার পক্ষে তিনি গতকালই ড. রাশিদা বেগমের জিম্মাদার হিসাবে আদালতে আবেদন করেছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. রাশিদা বেগম ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি নিয়ে এক মাসের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অতিথি ভবনে ওঠেন। গত ১৮ জানুয়ারি তিনি টিএসসি'র লোকজনসহ ভবনের অন্য অতিথিদের সঙ্গে অশোভন আচরণ ও গালিগালাজ এবং হইচই করেন। ভবনের অন্য অতিথিদের শান্তি বিনষ্ট করেন। বাবুপুরা পুলিশ ফাঁড়ির সার্জেন্ট সফিকুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশে এ ঘটনায় রমনা থানায় একটি নন-এফআইআর রুজু করেন এবং ডিএমপি অ্যাক্টের ১০০/৭৫ ধারায় তাকে গ্রেফতার করে ১৯ জানুয়ারি আদালতে সোপর্দ করেন।